“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

ISO 9001, 14001, 45001

ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified

Unique Heights (Level-15 & 16), 117, Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217.
Tel:- 55138633-36 (PABX), Fax:- 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: egcb.gov.bd

নং-২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২২.২২.২৬২০

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি)-এ নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম, পদের সংখ্যা, মূল বেতন ও বয়স	প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১.	**উপব্যবস্থাপক (কোম্পানি সচিবালয়), ১টি পদ** **মূল বেতনঃ** টাকা ৭০,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** সর্বোচ্চ ৩৫ বছর	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এলএলএম/এমবিএ ডিগ্রী। **অভিজ্ঞতাঃ** সহকারী ব্যবস্থাপক/সহকারী পরিচালক/সহকারী কোম্পানি সেক্রেটারি পদে প্রশাসনিক/সাচিবিক কাজে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এসিএসধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।	প্রযোজ্য নয়।
২.	**উপবিভাগীয় প্রকৌশলী (আইসিটি), ৩টি পদ** **মূল বেতনঃ** টাকা ৭০,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** সর্বোচ্চ ৩৫ বছর	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে CSE/IT/ECE বিষয়ে স্নাতক ডিগ্রী। **অভিজ্ঞতাঃ** সহকারী প্রকৌশলী (ICT/MIS/SAP/BASIS & ABAP/Programming)/ সমমান পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	প্রযোজ্য নয়।
৩.	**উপসহকারী প্রকৌশলী, ৪টি পদ** **মূল বেতনঃ** টাকা ৪০,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল/সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী।	প্রযোজ্য নয়।
৪.	**জুনিয়র সহকারী ব্যবস্থাপক (হিসাব/অর্থ/অডিট), ১টি পদ** **মূল বেতনঃ** টাকা ৪০,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স/অ্যাকাউন্টিং-এ স্নাতক অথবা এমবিএ (ফিন্যান্স/অ্যাকাউন্টিং) ডিগ্রী।	প্রযোজ্য নয়।
৫.	**স্টোর কিপার (গ্রেড-৪), ২টি পদ** **মূল বেতনঃ** টাকা ২৩,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড/ইন্সটিটিউট হতে এইচএসসি/সমমান পাস। **অভিজ্ঞতাঃ** কম্পিউটার বেইজড স্টোর ম্যানেজমেন্ট জ্ঞানসহ কোন বৃহৎ প্রতিষ্ঠানে স্টোর অ্যাসিস্ট্যান্ট/স্টোর হেলপার/অ্যাটেনডেন্ট পদে ৫ বছরের অভিজ্ঞতা।	মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালি। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৬.	**সিকিউরিটি কাম ফায়ার ফাইটিং সুপারভাইজার (গ্রেড-৪), ২টি পদ** **মূল বেতনঃ** টাকা ২৩,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড/ইন্সটিটিউট হতে এইচএসসি/সমমান পাস। **অভিজ্ঞতাঃ** নিরাপত্তা প্রহরী পদে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	
৭.	**ক্রেন অপারেটর (গ্রেড-৪), ২টি পদ** **মূল বেতনঃ** টাকা ১৫,৫০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** সর্বোচ্চ ১৮-৪৫ বছর	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড/ইন্সটিটিউট হতে এসএসসি/সমমান পাস। **অভিজ্ঞতাঃ** ক্রেন/হেভি ভেহিকেল চালনায় কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং/অপারেটিং লাইসেন্সধারী।	
৮.	**নিরাপত্তা প্রহরী, ১০টি পদ** **মূল বেতনঃ** টাকা ১৪,৫০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড/ইন্সটিটিউট হতে এসএসসি/সমমান পাস। **অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, ময়মনসিংহ, শেরপুর, বান্দরবান, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাংগামাটি, নাটোর, রংপুর, লালমনিরহাট, পঞ্চগড়, বাগেরহাট, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি ও বরগুনা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৯.	**গার্ডেনার, ১টি পদ** **মূল বেতনঃ** টাকা ১৪,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত বোর্ড/স্কুল/প্রতিষ্ঠান হতে জেএসসি/সমমান পাস।	
১০.	**কুক, ১টি পদ** **মূল বেতনঃ** টাকা ১৪,৫০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত স্কুল/প্রতিষ্ঠান হতে জেএসসি/সমমান পাস। **অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	
১১.	**পরিচ্ছন্নতা কর্মী, ৩টি পদ** **মূল বেতনঃ** টাকা ১৪,০০০.০০ বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। **বয়সঃ** ১৮-৩০ বছর।	**শিক্ষাগত যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত স্কুল/প্রতিষ্ঠান হতে জেএসসি/সমমান পাস।	

সাধারণ শর্তাবলীঃ

১। সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা সরকারি মালিকানাধীন কোম্পানীতে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অনলাইনে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ দপ্তরের ছাড়পত্রের মূল কপি আনতে হবে।

২। প্রাথমিকভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। সন্তোষজনক কর্মসম্পাদনের ভিত্তিতে চাকরির চুক্তি পর্যায়ক্রমে ৬০ বছর বয়স পর্যন্ত নবায়নযোগ্য।

৩। ক্রমিক নং-১ থেকে ৪ এর ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী প্রাপ্তদের আবেদন গ্রহণযোগ্য হবে না এবং গ্রেডিং সিস্টেমে পাসের ক্ষেত্রে ৫ স্কেলে ন্যূনতম ৩ এবং ৪ স্কেলে ন্যূনতম ২.৫ প্রাপ্ত হতে হবে। তবে, ইহা ক্রমিক নং-৫-১১-এ বর্ণিত পদের প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

৪। ক্রমিক নং-৩ থেকে ৬ এবং ক্রমিক নং-৮ থেকে ১১ এ বর্ণিত পদসমূহে প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর, তবে মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।

৫। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ সংখ্যক স্মারক মোতাবেক উপরোক্ত সকল পদের প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ২৫/০৩/২০২০ তারিখে নির্ধারিত হবে।

৬। অনলাইনে যথাযথভাবে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না। প্রার্থীদের লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হতে বিধি মোতাবেক মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) জন্য ডাকা হবে।

৭। ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারীকৃত ১৮.১০.২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রে বর্ণিত প্রমাণকসমূহের মধ্যে যেকোন একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তার নাম থাকতে হবে। উক্ত নামের সাথে আবেদনপত্রে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

খ) আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

৮। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা কম বা বেশী হতে পারে।

৯। কর্তৃপক্ষ প্রয়োজনে 'Short Listed' প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা করতে পারে।

১০। নিয়োগকৃতদের ইজিসিবি লিঃ এর অধীনস্থ যে কোন এলাকায় বিদ্যুৎ কেন্দ্র/স্থাপনা/প্রকল্পে কাজ করতে হবে।

১১। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে আবেদনপত্রে বিস্তারিত তথ্য উল্লেখ করতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা সত্ত্বেও আবেদন ফরমে তা উল্লেখ না করা থাকলে পরবর্তীতে উহা উদ্ঘাটিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তার তাৎক্ষণিক চাকরিচ্যুতি করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২। ইজিসিবি-এ কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা ১০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। ইজিসিবিতে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অন-লাইনে আবেদন করতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৪। আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) সহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সনদপত্র দাখিল করতে হবে।

১৫। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে। জেলা প্রশাসক ব্যতিত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

১৬। অভিজ্ঞতার সনদ অবশ্যই যেকোন প্রতিষ্ঠান থেকে থাকতে হবে। অভিজ্ঞতার সনদে সময়কাল সুনির্দিষ্ট তারিখ উল্লেখসহ সনদ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে হতে হবে এবং উহাতে প্রতিষ্ঠানের রেজিষ্ট্রেশন নং/ট্রেড লাইসেন্স নং (তারিখসহ) ও ফোন নং, ঠিকানা থাকতে হবে। এছাড়া সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষরের সাথে নাম, তারিখ ও দাপ্তরিক সীল থাকতে হবে।

১৭। প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দপ্তরের লেটার হেড প্যাডে এবং প্রতিবন্ধী সংক্রান্ত আইডেনটিটি কার্ড এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৮। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে বা তৎপরবর্তীতে উক্ত প্রার্থীর প্রার্থিতা প্রার্থীকে কোনরূপ অবহিত করণ ব্যতিরেকে বাতিল করা হবে।

১৯। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০। কোন প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমান করবে।

২১। ইজিসিবিতে নিয়োগের ক্ষেত্রে ইজিসিবিতে কমপক্ষে ৫ বছর চাকরি করার শর্ত আরোপ করা হতে পারে এবং সে ক্ষেত্রে বন্ড নেয়াসহ সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ৫ বছরের জন্য জমা নেয়া হতে পারে।

২২। ক. আগ্রহী প্রার্থীগণ 'অনলাইন' পদ্ধতিতে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবলিংক http://egcb.teletalk.com.bd অথবা ইজিসিবি লিঃ এর ওয়েবসাইট লিংক-http://www.egcb.com.bd/welcome/view_career এর মাধ্যমে **০৬/১২/২০২২** তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে **২৬/১২/২০২২** তারিখ বিকাল-৪:০০ ঘটিকা মধ্যে আবেদনপত্র পূরণ করতে পারবেন। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১-২ এ বর্ণিত পদের প্রার্থীদের ৬০০/- (ছয়শত) টাকা, ক্রমিক নং-৩ ও ৪ এ বর্ণিত পদের প্রার্থীদের ৫০০/- (পাঁচশত) টাকা, ক্রমিক নং-৫-৭ এ বর্ণিত পদের প্রার্থীদের ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং-৮-১১ এ বর্ণিত পদের প্রার্থীদের ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: EGCB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: EGCB ABCDEF

Reply: Applicant's Name, Tk-500/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type EGCB<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: EGCB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: EGCB YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for EGCB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

6

২৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার পূর্বে সংশ্লিষ্ট সকল কাগজ-পত্র/তথ্যাদি/ডকুমেন্ট এর সত্যায়িত কপি ইজিসিবি লিঃ কর্তৃক নির্দেশিত সময় ও স্থানে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২৪। অন-লাইন আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বরে অথবা vas.query@teletalk.com.bd-এ ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজিসিবি লিঃ কর্তৃপক্ষ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিলসহ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪/১২/২০২২

(মোঃ আবু হেনা ফয়জুল হক)
মহাব্যবস্থাপক (এইচআরএম)
কর্পোরেট অফিস, ইজিসিবি, ইউনিক হাইটস (লেভেল-১৫)
১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭।